



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২৮৪/ক/স্বী/০৩(অংশ-১)/ ১৬০

তারিখ: ২৫/১০/১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু বিভিন্ন শিক্ষার্থী ও অভিভাবকের অভিযোগ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর মালিবাগে অবস্থিত “সাউথ পয়েন্ট কলেজ” অনুমতিবিহীন শাখা ক্যাম্পাস চালু রেখেছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। অধিকন্তু বোর্ডের ডাটাবেজ এ প্রতিষ্ঠানটি কো-এডুকেশন(সহশিক্ষা) হিসেবে অন্তর্ভুক্ত থাকলেও বিনা অনুমতিতে বিভিন্ন স্থানে জেডার উল্লেখ করে (বালক/বালিকা) সহশিক্ষা চালু রাখায় শিক্ষার্থীগণ নানা ধরনের সমস্যায় পড়ছে। এছাড়া, প্রতিষ্ঠানটির স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণ হয়েছে গত ৩০/০৬/২০১৮ তারিখে, পূর্ববর্তী কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে গত ০১/০৭/২০১৬ তারিখে, তবে বিশেষ শর্তাধীনে গত ২২/০৯/২০১৯ তারিখে প্রতিষ্ঠানটিকে সংস্থা পরিচালিত কমিটির অনুমোদন দেয়া হয়। উল্লেখ্য, অত্র প্রতিষ্ঠানটিকে ইতিমধ্যে দুই বার স্থান পরিবর্তনের অনুমতি প্রদান করা হয়।

প্রথমবার স্থান পরিবর্তনঃ বোর্ডের পত্র নং ২৮৪/ক/স্বী/০৩(অংশ-১)/৭১৫ মোতাবেক গত ০৪/০৭/২০০৭ তারিখে (নিম্নোক্ত শর্তে) উক্ত প্রতিষ্ঠানকে বাড়ী-৩/এ, রোড-২২, গুলশান-১ হতে বাড়ী-৫৩/৫৫, রোড-৩, গুলশান-১ এ স্থানান্তরের অনুমতি প্রদান করা হয়।

- ১। বোর্ডের পূর্বানুমতি ব্যতিরিক্ত বর্তমান ঠিকানা পরিবর্তন করা যাবে না।
- ২। আগামী ০২(দুই) বছরের মধ্যে নিজস্ব জমি ও ভবনের ব্যবস্থা করতে হবে।
- ৩। কলেজ ভবনের কোন অংশই অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।


দ্বিতীয়বার স্থান পরিবর্তনঃ বোর্ডের পত্র নং ২৮৪/ক/স্বী/০৩(অংশ-১)/৯১ মোতাবেক গত ১৮/০৮/২০১১ তারিখে (নিম্নোক্ত শর্তে) উক্ত প্রতিষ্ঠানকে বাড়ী-৫৩/৫৫, রোড-৩, গুলশান-১ হতে মালিবাগ চৌধুরীপাড়া, ব্লক-বি, বাড়ি-৮৯ (উত্তর) এ ও বি প্লটে স্থানান্তরের অনুমতি প্রদান করা হয়।

- ১। আগামী ০২(দুই) বছরের মধ্যে কলেজের জন্য নিজস্ব জমি ও ভবনের ব্যবস্থা করতে হবে।
- ২। বোর্ডের পূর্বানুমতি ব্যতিরিক্ত বর্তমান ঠিকানা/ভবন পরিবর্তন করা যাবে না।

উপরোক্ত তথ্য হতে প্রতীয়মান হয় যে, প্রতিষ্ঠানটির বর্তমান অবস্থান বাড়ি-৮৯ (উত্তর), প্লট: এ ও বি, ব্লক-বি, মালিবাগ চৌধুরীপাড়া, ঢাকা তবে ভর্তিচ্ছু শিক্ষার্থী এবং অভিভাবকদের ভাষ্যমতে মালিবাগের উক্ত স্থানটি ছাড়াও তারা গুলশান, উত্তরা, মিরপুরসহ ঢাকা শহরের বিভিন্ন জায়গায় বোর্ডের অনুমতিবিহীন একাধিক শাখা ক্যাম্পাস চালু রেখেছে।

এমতাবস্থায়, বিধি বহির্ভূতভাবে শাখা ক্যাম্পাস চালু রাখার কারণ পত্র ইস্যুর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে লিখিতভাবে ব্যাখ্যা করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

সাউথ পয়েন্ট কলেজ [EIN: 108040]

বাড়ি-৮৯ (উত্তর), প্লট- এ ও বি, ব্লক-বি

মালিবাগ, চৌধুরীপাড়া, ঢাকা